অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াই করতে, ভুক্তভোগী এবং ঘটনার শিকারদের সহায়তা করতে, এবং জনস্বাস্থ্য সঙ্কটে স্টেটের সাড়াদান জোরদার করতে 13.6 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

স্টেট বাজেটে 9.1 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করা হয়েছে প্রায় 150 বন্দুক সহিংসতা প্রতিরোধ ও ইন্টারভেনশন কর্মীর সমর্থনে গত বছরের জরুরি বৃদ্ধিকে সম্প্রসারণ করার জন্য

সম্প্রদায়ে সহিংসতা ইন্টারভেনশন অ্যাক্ট তহবিল হিসেবে কুইন্সের অলাভজনক সংগঠনকে 2 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হয়েছে বন্দুক সহিংসতার শিকার ও ক্ষতিগ্রস্তদের পরিবারের চাহিদা মেটানোর জন্য

স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্টের অধীনে বন্দুক সহিংসতা প্রতিরোধ অফিসের জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার যাতে ডেটা বিশ্লেষণ, এজেন্সিগুলির মধ্যকার সমন্বয় এবং জনসচেতনতার অর্থায়ন করা যায়

বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ে স্টেটের সার্বিক প্রচেষ্টার ফলে বিগত বছরের তুলনায় গুলির ঘটনা উল্লেখযোগ্য হ্রাস, ডেটা পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াই করতে, অপরাধের শিকার ও ভুক্তভোগীদের এবং তাদের পরিবার ও সম্প্রদায়সমূহকে সহায়তা করতে এবং 2020 সালের শুরুর থেকে যে সম্প্রদায়গুলি গুলি ও আগ্নেয়াস্ত্র সম্পর্কিত অপরাধের ঘটনায় উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি ডেকেছে তাদের চলমান জনস্বাস্থ্য সঙ্কটে স্টেটের সাড়াদান জোরদার করতে 13.6 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন। মোট 9.1 মিলিয়ন মার্কিন ডলার স্টেটকে 30টি বেশি অলাভজনক সংগঠন এবং হাসপাতালকে সমর্থন করতে দিবে, যাতে করে তারা 2023 সালের মধ্যে বন্দুক সহিংসতা ইন্টারভেনশন কর্মী নিয়োগ করতে পারে; 2 মিলিয়ন মার্কিন ডলার কুইন্সে অপরাধের শিকার, পরিবারসমূহ ও সহিংসতা দ্বারা প্রভাবিত সম্প্রদায়সমূহের চাহিদা মেটানোর জন্য থাকবে; এবং 2.5 মিলিয়ন মার্কিন ডলার স্টেটের বন্দুক সহিংসতা প্রতিরোধ অফিসের (Office of Gun Violence Prevention) জনসচেতনতা ও ডেটা বিশ্লেষণ কাজের অর্থায়ন করবে।

"অতি গুরুত্বপূর্ণ এই তহবিলটি স্ট্রিট আউটরিচ কর্মীদের এবং সামাজিক কর্মীদের প্রচেষ্টাকে জোরদার করবে যখন তারা প্রমাণিত কর্মসূচি সম্প্রসারিত করছে যা বন্দুক সহিংসতাকে বিঘ্নিত করে এবং হ্রাস করে এবং গুলির ঘটনা দ্বারা সৃষ্ট ট্রমা থেকে সেরে উঠতে থাকা অপরাধের শিকার, পরিবার, প্রিয়জন এবং এলাকাকে সেবা ও সমর্থন প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "আমি আগেও বলেছি এবং আবার বলছি: যথেষ্ট হয়েছে। আমরা একত্রে কাজ করে এবং আমাদের কাছে যা আছে সবকিছু নিবেদন করে এই জনস্বাস্থ্য সঙ্কট শেষ করবো যাতে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আমাদের সম্প্রদায়গুলি নিরাপদ হতে পারে।"

"গভর্নর হোকল এবং আমি বুঝি যে আমাদের শুধু সড়ক থেকে বন্দুক সরিয়ে নিলেই চলবে না, বরং আমাদেরকে ইন্টারভেনশন এবং জনসচেতনতা নিয়েও অবশ্যই কাজ করতে হবে, এবং আমাদের স্টেটজুড়ে সম্প্রদায়গুলিতে এই চলমান জনস্বাস্থ্য সঙ্কট ঠেকাতে পরিবারসমূহকে তাদের প্রয়োজনীয় সাহায্য প্রদান করতে হবে," **লেফটেন্যান্ট গভর্নর ডেলগাডো বলেন।** "যখন নিউ ইয়র্ক বন্দুক সহিংসতার বিরুদ্ধে আমাদের লড়াইয়ে দেশের নেতৃত্ব দিচ্ছে, তখন আমাদেরকে বন্দুক সহিংসতার শিকার ও ভুক্তভোগীদের সমর্থনেও দেশকে নেতৃত্ব দিতে হবে।"

গভর্নর হোকল ব্রুকলিনের CAMBA (ব্রাউন্সভিল ইন, ভায়োলেন্স আউট) পরিদর্শনের সময় এই তহবিল ঘোষণা করেন। স্টেটের অপরাধ ন্যায়বিচার সেবা ডিভিশনের (Division of Criminal Justice Services, DCJS) পরিচালিত এই 9.1 মিলিয়ন মার্কিন ডলার অলাভজনক সংগঠন এবং হাসপাতালগুলিকে আউটরিচ কর্মী, সহিংসতা বিঘ্নকারী এবং সামাজিক কর্মী নিয়োগ ও ধরে রাখা অব্যাহত রাখতে দিবে, যারা মধ্যস্থতা, শিক্ষা এবং সম্প্রদায়ে জড়িত রকার মাধ্যমে বন্দুক সহিংসতা হ্রাসে কাজ করবে এবং সহিংসতার শিকার ও তাদের পরিবারের ট্রাম অভিজ্ঞতা সমাধানে কাজ করবে। এই তহবিলটি সম্প্রদায়ভিত্তিক সাড়াদানে বিনিয়োগ তিনগুণ করে, বন্দুক অপরাধ সমাধানে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের ক্ষমতা বৃদ্ধিতে বিনিয়োগ করে, এবং অবৈধ বন্দুকের ইন্টারস্টেট টাস্ক ফোর্স (Interstate Task Force on Illegal Guns) গঠন করার মাধ্যমে পুরো নিউ ইয়র্কে বন্দুক সহিংসতা প্রতিরোধ ও হ্রাস করতে গভর্নরের তিন-অংশের এজেন্ডার মুখ্য অংশ।

জানুয়ারিতে গভর্নর হোকলের স্থাপন করা অবৈধ বন্দুকের ইন্টারস্টেট এবং ইন্ট্রাস্টেট টাস্ক ফোর্স আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহের মধ্যে উন্নত অংশীদারিত্ব তৈরি করেছে। এই উন্নত সহযোগিতামূলক কাজ বন্দুক জব্দ করায় উল্লেখযোগ্য বৃদ্ধি এবং গুলির ঘটনায় উপলব্ধিযোগ্য হ্রাস করাতে সাহায্য করেছে। 2022 সালের প্রথম ছয় মাসে, নিউ ইয়র্ক সিটিতে গুলির ঘটনা গত বছরের একই সময়কালের তুলনায় 12 শতাংশ কমেছে। একই সময়কালে, গুলির ঘটনা ব্রুকলিনে প্রায় 20 শতাংশ কমেছে, যেখানে গভর্নর হোকল বৃহস্পতিবারের ঘোষণাটি করেছেন।

এই বর্ধিত প্রচেষ্টাগুলি নিউ ইয়র্ক সিটির বাইরের অগ্রগতিতেও সাহায্য করছে। DCJSর- মাধ্যমে স্টেট বন্দুক সম্পর্কিত সহিসংতা নির্মূল (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগ চালনা করে, যা স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলিকে কর্মী, সরঞ্জাম, প্রশিক্ষণ ও কারিগরি সহায়তার জন্য তহবিল প্রদান করে। GIVE 17টি কাউন্টির 20টি ডিপার্টমেন্টকে সমর্থন করে যা দ্বারা নিউ ইয়র্ক সিটির বাইরে নিউ ইয়র্ক স্টেটের 80 শতাংশ বন্দুক সহিংসতা এর আওতায় আসে। জানুয়ারি থেকে জুনের মধ্যে, 20টি GIVE জুরিসডিকশনে গুলির ঘটনা আট

শতাংশ কমেছে, এবং গুলির শিকারের সংখ্যা নয় শতাংশ কমেছে। আরো সার্বিক ডেটা দেখার জন্য, এখানে ক্লিক করুন।

জব্দ করা বন্দুকের সংখ্যাও উল্লেখযোগ্য পরিমাণ কমেছে। 2022 সালের প্রথম ছয় মাসে, স্টেট পুলিশ (State Police) 694টি বন্দুক জব্দ করেছে, যা একই সময়কালে গত বছরের তুলনায় দ্বিগুণের বেশি। নিউ ইয়র্ক পুলিশ ডিপার্টমেন্ট (New York Police Department, NYPD) বন্দুক সহিংসতা নির্মূল করতে এর চলমান প্রচেষ্টা হিসেবে 2022 সালে এখন পর্যন্ত 3,700টি আগ্নেয়াস্ত্র জব্দ করেছে, এমন সময় যখন বন্দুক সংক্রান্ত গ্রেফতারের সংখ্যা 27 বছরের মধ্যে সর্বোচ্চ।

অপরাধ ন্যায়বিচার সেবা ডিভিশনের কমিশনার রোসানা রোসাডো বলেন, "গত ফল মৌসুম থেকে, যখন গভর্নর হোকল বন্দুক সহিসংতা হ্রাস করার জন্য জরুরি তহবিল ঘোষণা করেন, স্টেটজুড়ে আমাদের স্ট্রিট আউটরিচ এবং বন্দুক সহিংসতা বিঘ্নকারী দলসমূহ বন্দুক সহিংসতা কমিয়ে আনতে বাস্তব ফলাফল প্রদান করেছে। তবে, আরো কাজ বাকি আছে। বন্দুক সহিসংতা প্রতিরোধ উদ্যোগসমূহের অর্থায়নে গভর্নর হোকলের অব্যাহত প্রতিশ্রুতি আমাদেরকে এইসব প্রচেষ্টার সম্প্রসারণ, উন্নত এবং আরো ভালোভাবে সমর্থন করতে দিবে, যেহেতু স্টেটজুড়ে আমাদের অংশীদারগণ যারা মাঠপর্যায়ে নিজেদের অসাধারণ, সাহসী এবং অতি গুরুত্বপূর্ণ কাজ করে যাচ্ছে, যাতে সকল নিউ ইয়র্কবাসীর শান্তি ও নিরাপদে বাস করা নিশ্চিত করা যায়।"

স্টেটের ভিকটিম সার্ভিসেস অফিস (Office of Victim Services, OVS) দ্বারা কুইন্সের কমিউনিটি ক্যাপাসিটি ডেভেলপমেন্টকে (Community Capacity Development) প্রদত্ত 2 মিলিয়ন মার্কিন ডলারের ফলে সম্প্রদায়ের সহিংসতার ইন্টারভেনশন অ্যাক্টের (Community Violence Intervention Act, CVIA) মাধ্যমে স্টেট প্রদত্ত মোট তহবিল দাঁড়ায় দুই বছরে 8.3 মিলিয়ন মার্কিন ডলার। CVIA প্রতি বছর স্টেটের ফেডারেল অপরাধের শিকার ব্যক্তিদের অ্যাক্ট (Victims of Crime Act) তহবিলের একটি অংশ বন্দুক সহিংসতা দ্বারা সর্বাধিক ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহের সেবাদানকারী কর্মসূচিসমূহের জন্য নির্ধারিত রাখে। কমিউনিটি ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অন্যান্য সেবার পাশাপাশি সঙ্কট সাড়াদান, কেস ব্যবস্থাপক, আউটরিচ কর্মী, সামাজিক কর্মী; আইনি সেবা, ব্যাখ্যাকারী ও মানসিক স্বাস্থ্য কাউন্সেলিং; এবং অপরাধের শিকার ব্যক্তিদের তাৎক্ষণিক চাহিদা পূরণের জন্য একটি জরুরি তহবিলের জন্য তহবিলটি ব্যবহার করবে। এই বসন্তে, গভর্নর হোকল CVIA-র প্রথম রাউন্ডের তহবিল ঘোষণা করেছেন: সাতটি অলাভজনক সংগঠনকে দুই বছরের জন্য 6.36 মিলিয়ন মার্কিন ডলার।

ভিকটিম সার্ভিসেস অফিসের পরিচালক এলিজাবেথ ক্রোনিন বলেন, "আমরা জানি যে বন্দুক সহিংসতা এমন ঢেউয়ের মতো প্রভাব সৃষ্টি করে যা লক্ষ্যবস্তু হওয়া ব্যক্তিদের বাইরে গিয়েও সবাইকে প্রভাবিত করে, পড়বার, বন্ধু ও পুরো এলাকাকে ক্ষতি, বিপর্যয় এবং ট্রমার সম্মুখীন করে, যেমনটি আমরা ইস্ট বাফেলোতে দেখেছি। ভিকটিম সার্ভিসেস অফিসে, আমরা আমাদের ক্ষমতার মধ্যে সম্ভব সবকিছু করতে নিবেদিত যাতে বন্দুক সহিংসতার শিকার ও ভুক্তভোগীদের সেবা, সংস্থান ও সহায়তা প্রদান করতে পারি। আমরা সম্প্রদায়ের সহিসংতা ইন্টারভেনশন অ্যাক্টের তহবিল দিয়ে অলাভজনক সংগঠনসমূহকে সমর্থন করতে পেরে গর্বিত

এবং এই অতি গুরুত্বপূর্ণ বিষয়ে গভর্নর হোকলের অব্যাহত নেতৃত্বের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

বিনিয়োগগুলি বন্দুক সহিংসতা সমাধানে স্টেটের জনস্বাস্থ্য পন্থাকে আরো অগ্রসর করে: এর উৎস সনাক্ত করা, সংক্রমণ বিঘ্নিত কর এবং সম্প্রদায়সমূহকে জড়িত করে এবং ব্যক্তিদের সমর্থন ও সেবার সাথে সংযুক্ত করে এর চিকিৎসা করা। পাশাপাশি, স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্টের (Department of Health) অধীনস্থ বন্দুক সহিংসতা প্রতিরোধ অফিস এজেন্সিসমূহের মধ্যকার বন্দুক সহিংসতা হ্রাস প্রচেষ্টা, ডেটা বিশ্লেষণ এবং জনসচেতনতা কাজ সমন্বয় করার জন্য 2.5 মিলিয়ন মার্কিন ডলার পাবে।

স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্টের কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "বন্দুক সহিংসতা একটি জনস্বাস্থ্য সমস্যা এবং বন্দুক সহিংসতা, এর সাথে সংশ্লিষ্ট স্বাস্থ্য প্রভাব, এবং কষ্ট প্রশমন শুরু হবে সম্প্রদায়ে বিনিয়োগ করার মাধ্যমে। পুরো নিউ ইয়র্ক স্টেটে বন্দুক সহিংসতার ঘটনা হ্রাস করার গভর্নর হোকলের প্রতিজ্ঞার একটি অংশ হিসেবে, এই তহবিলটি সেই সব বিশ্বস্ত সম্প্রদায়ের সংগঠনকে আরো জোরদার করবে যারা এই অর্থহীন মর্মান্তিক ঘটনার ইতি টানতে দীর্ঘদিন ধরে কাজ করছে।"

সিনেটর চাক শুমার বলেন, "বন্দুক সহিংসতার মহামারীর মোকাবেলা করার জন্য কাছে থাকা সকল হাতিয়ার ব্যবহার ও অর্থায়ন করা প্রয়োজন, যার মধ্যে রয়েছে সম্প্রদায়ে সহিংসতা ইন্টারভেনশন গোষ্ঠী, যারা ডেটা দ্বারা প্রমাণিত পদ্ধতি ব্যবহার করে সহিংসতা হ্রাস করে ও জীবন রক্ষা করে। আমি সম্প্রতি পাশ হওয়া দ্বিপক্ষীয় বন্দুক নিরাপত্তা আইনে CVI কর্মসূচির জন্য ঐতিহাসিক 250 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি নিশ্চিত করতে পেরে গর্বিত, এবং আমি এই কর্মসূচিগুলির সমর্থনে প্রত্যেক ফেডারেল পয়সা দিতে না পারা পর্যন্ত লড়াই থামাবো না যাতে করে তারা আমাদের সম্প্রদায়কে নিরাপদ রাখতে তাদের দুর্দান্ত কাজ অব্যাহত রাখতে পারে।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "যখন আমাদের স্টেট ও দেশের সম্প্রদায়সমূহ বন্দুক সহিংসতার কলঙ্কের সম্মুখীন হয়ে যাচ্ছে, তখন এই তহবিলটি বন্দুক সহিংসতার শিকার ও ভুক্তভোগীদের অতি প্রয়োজনীয় সমর্থন প্রদান করবে এবং অপরাধকে এর উৎসে বন্ধ করতে সাহায্য করবে। আমি বন্দুক সহিংসতার বিরুদ্ধে লড়াইয়ে এবং জীবন রক্ষা করতে আমার পক্ষে সম্ভব এমন সবকিছু করে যাবো।"

প্রতিনিধি জেরল্ড ন্যাডলার বলেন, "বন্দুক সহিংসতা পুরো দেশের অনেক বেশি সম্প্রদায়কে প্রভাবিত করেছে, যার মধ্যে নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহও আছে। এই বাধাহীন মহামারীর সমাধান করা আমাদের নৈতিক দায়িত্ব, এবং এই তহবিল বন্দুক সহিংসতার বিরূপ প্রভাব সমাধানের দিকে একটি গুরুত্বপূর্ণ ধাপ হবে। আমি কংগ্রেসে প্রতিদিন আমার 'আমাদের শিশুদের রক্ষা করা অ্যাক্টের (Protecting Our Kids Act)' মতো বিল উপস্থাপন করতে লড়াই করছি এবং 'দ্বিপক্ষীয় নিরাপদতর সম্প্রদায়সমূহ অ্যাক্টের (Bipartisan Safer Communities Act)' জন্য ভোট দিচ্ছি। আমি নিউ ইয়র্ক স্টেটে নেতৃত্ব দানের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি এবং বন্দুক সহিংসতা মহামারী সমাধানে তার সাথে একযোগে কাজ চালিয়ে যেতে উন্মুখ।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "আমাদের সম্প্রদায়সমূহকে বন্দুক সহিংসতার কলঙ্ক থেকে বাঁচানোর থেকে গুরুত্বপূর্ণ আর কিছু নেই। বন্দুক সহিংসতাকে আমাদের স্টেট ও দেশকে প্রভাবিত করা একটি জনস্বাস্থ্য জরুরি অবস্থা হিসেবে বিবেচনা করা একটি সার্বিক পন্থার অংশ হিসেবে সম্প্রদায় পর্যায়ে প্রমাণভিত্তিক কর্মসূচি সমর্থন করা সিনেট ডেমোক্রেটিক কনফারেন্সের (Senate Democratic Conference) একটি মুখ্য অগ্রাধিকার হয়ে আছে। আমি খুশি যে গভর্নর আইনসভার সাথে অংশীদারিত্বে এই অতি গুরুত্বপূর্ণ তহবিল নিশ্চিত করার দিকে মনোযোগ দিয়েছেন যা বন্দুক সহিংসতা প্রতিরোধ প্রচেষ্টার আওতা বলিয়ান করবে এবং অপরাধের শিকার ও ভুক্তভোগীদের নিরাময়ে সাহায্য করার জন্য সমর্থন সেবা জোরদার করবে।"

9.1 মিলিয়ন মার্কিন ডলার নিচের প্রকল্পগুলিকে দেওয়া হয়েছে:

নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড কর্মসূচিসমূহ

- ব্রাউন্সভিল থিঙ্ক ট্যাঙ্ক ম্যাটার্স (ব্রুকলিন): একটি অবস্থান, 75,000 মার্কিন ডলার
- CAMBA (ব্রাউন্সভিল ইন, ভায়োলেন্স আউট - ব্রুকলিন): তিনটি অবস্থান, 120,000 মার্কিন ডলার
- CCI (RISE/ব্রুকলিন, সেভ আওয়ার স্ট্রিটস/ব্রঙ্কস, নেইবারহুড সেফটি উদ্যোগসমূহ/হার্লেম): ছয়টি অবস্থান, 420,000 মার্কিন ডলার
- দ্য সেন্ট্রাল ফ্যামিলি লাইফ সেন্টার (স্ট্যাটেন আইল্যান্ড): তিনটি অবস্থান, 136,800 মার্কিন ডলার
- ইস্ট ফ্ল্যাটবুশ ভিলেজ (ব্রুকলিন): দুইটি অবস্থান, 120,000 মার্কিন ডলার
- এলিট লার্নার্স (ব্রাউন্সভিল, প্রস্পেক্ট লেফার্টস গার্ডেন্স, ব্রুকডেল হাসপাতাল, কিংস কাউন্টি হাসপাতাল): 1টি অবস্থান, 660,000 মার্কিন ডলার
- গার্ডেন অফ গেথসিমান মিনিস্ট্রিজ (হার্লেম): দুইটি অবস্থান, 50,000 মার্কিন ডলার
- গেটওয়ে কমিউনিটি এম্পাওয়ারমেন্ট (ব্রুকলিন): একটি অবস্থান, 36,000 মার্কিন ডলার
- গ্রেটার কোনি আইল্যান্ডের জিউইশ কমিউনিটি সেন্টার: তিনটি অবস্থান, 175,695 মার্কিন ডলার
- লাইফক্যাম্প (সম্প্রদায়ভিত্তিক কর্মসূচি/কুইন্স এবং জ্যামাইকা হাসপাতাল): ছয়টি অবস্থান, 240,000 মার্কিন ডলার
- নর্থওয়েল হাসপাতাল (সাউথ শোর ইউনিভার্সিটি হাসপাতাল, কোহেন চিলড্রেন্স মেডিকেল সেন্টার, স্ট্যাটেন আইল্যান্ড ইউনিভার্সিটি হাসপাতাল): পাঁচটি অবস্থান, 557,500 মার্কিন ডলার
- গানস ডাউন, লাইফ আপ (NYC হেলথ + হাসপাতাল/লিঙ্কন): তিনটি অবস্থান, 191,382 মার্কিন ডলার
- কিংস এগেইনস্ট ভায়োলেন্স উদ্যোগ (কিংস কাউন্টি হাসপাতাল): তিনটি অবস্থান, 180,000 মার্কিন ডলার
- সাউথসাইড ইউনাইটেড (ব্রুকলিন): দুইটি অবস্থান, 92,000 মার্কিন ডলার

- স্ট্রিট কর্নার রিসোর্সেস (কমিউনিটিভিত্তিক কর্মসূচি/হার্লেম এবং হার্লেম হাসপাতাল): ছয়টি অবস্থান, 300,000 মার্কিন ডলার
- আরবান ইয়ুথ অ্যালায়েন্স ইন্টারন্যাশনাল (ব্রঙ্কস): তিনটি অবস্থান, 156,975 মার্কিন ডলার

স্টেটব্যাপী DCJS SNUG কর্মসূচি - এবং হাসপাতালভিত্তিক কর্মসূচিসমূহ

- অ্যালবানি: ট্রিনিটি অ্যালায়েন্স, আটটি অবস্থান, 459,937 মার্কিন ডলার; এবং অ্যালবানি মেডিকেল সেন্টার, তিনটি অবস্থান, 247,573 মার্কিন ডলার
- ব্রঙ্কস: জ্যাকবি মেডিকেল সেন্টার, 10টি অবস্থান 914,000 মার্কিন ডলার
- বাফেলো: ইরি কাউন্টি মেডিকেল সেন্টার, 12টি অবস্থান, 855,000 মার্কিন ডলার
- হেম্পস্টিড: ফ্যামিলি অ্যান্ড চিলড্রেন্স অ্যাসোসিয়েশন, একটি অবস্থান: 48,260 মার্কিন ডলার
- মাউন্ট ভার্নন: ফ্যামিলি সার্ভিসেস অফ ওয়েস্টচেস্টার, তিনটি অবস্থান, 146,416 মার্কিন ডলার
- নিউবার্গ: RECAP, তিনটি অবস্থান, 160,200 মার্কিন ডলার
- পাকিপ্সি: ফ্যামিলি সার্ভিসেস, তিনটি অবস্থান: 160,200 মার্কিন ডলার
- রচেস্টার: পাথস্টোন, সাতটি অবস্থান, 427,800 মার্কিন ডলার এবং ডিস্পিউট রেজোলিউশন সেন্টার, তিনটি অবস্থান, 100,000 মার্কিন ডলার
- সিরাকিউজ: সিরাকিউজ কমিউনিটি কানেকশন্স, সাতটি অবস্থান, 422,420 মার্কিন ডলার; এবং SUNY আপস্টেট মেডিকেল সেন্টার, তিনটি অবস্থান, 282,980 মার্কিন ডলার
- ট্রয়: ট্রিনিটি অ্যালায়েন্স, একটি অবস্থান, 42,748 মার্কিন ডলার
- ইয়োঙ্কার্স: ইয়োঙ্কার্স YMCA, দুইটি অবস্থান, 101,600 মার্কিন ডলার
- উইয়ানডানক: সাফোক অর্থনৈতিক সুযোগ পরিষদ, একটি অবস্থান, 44,570 মার্কিন ডলার

12টি DCJS সমর্থিত SNUG স্ট্রিট আউটরিচ কর্মসূচিও আনুমানিক 900,000 মার্কিন ডলার পাবে বেতন বৃদ্ধি করতে এবং কর্মসূচির বাড়তি চাহিদার জন্য। DCJS 254,000 মার্কিন ডলার ব্যবহার করছে এর SNUG কর্মসূচির নেটওয়ার্ককে কারিগরি সহায়তা এবং প্রশাসনিক সমর্থন প্রদান করার জন্য।

গভর্নর এবং স্টেটের আইনসভার প্রণীত 2023 অর্থবছরের বাজেটে 227 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং সম্প্রদায়ভিত্তিক সংগঠনসমূহ উভয়ের বন্দুক সহিংসতা প্রতিরোধ প্রচেষ্টা জোরদারকারী উদ্যোগসমূহের অর্থায়নের জন্য। এই তহবিল ব্যবহার করে DCJS যা যা পরিচালনা করছে:

- অতিরিক্ত SNUG কর্মসূচি সমর্থনের জন্য SNUG এবং সম্প্রদায়ভিত্তিক বন্দুক সহিংসতা উদ্যোগের জন্য 20.9 মিলিয়ন মার্কিন ডলার; দুর্বল কমবয়সীদের মৌলিক চাহিদা পূরণের জন্য কর্মসূচি বৃদ্ধি করা; দক্ষতাভিত্তিক চাকরির প্রস্তুতি

প্রদান করা এবং কাজে পদ পাওয়ার প্রশিক্ষণ; আউটরিচ কর্মীদের নিয়োগ ও ধরে রাখার জন্য কর্মসূচি শুরু; এবং ভিকটিম সার্ভিসেস অফিসের মাধ্যমে আনুমানিক 4 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল যাতে SNUG কর্মসূচির মধ্যে সামাজিক কাজের সেবা অন্তর্ভুক্ত করা যায়।

- নিউ ইয়র্ক স্টেটের বন্দুক সংক্রান্ত সহিংসতা নির্মূল উদ্যোগে অংশগ্রহণ করা আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিসমূহের জন্য 18.2 মিলিয়ন মার্কিন ডলার, যা এই কর্মসূচিতে সর্ববৃহৎ স্টেট বিনিয়োগ, যাতে সবথেকে বেশি বন্দুক সহিংসতার শিকার হওয়া 20টি সম্প্রদায় ও 17টি কাউন্টিতে গুলির ঘটনা কমাতে ও জীবন রক্ষা করতে প্রমাণভিত্তিক কৌশল প্রয়োগ করা যায়; এবং
- নিউ ইয়র্কের দশটি অপরাধ বিশ্লেষণ কেন্দ্রের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার, যারা অপরাধী সংক্রান্ত বুদ্ধিমত্তা সংগ্রহ করে এবং 350টি স্টেট ও স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিকে প্রদান করে, এটি আগ্নেয়াস্ত্র-সম্পর্কিত সহিংস অপরাধসহ অপরাধ নির্ণয়, তদন্ত ও সমাধানের অতি গুরুত্বপূর্ণ সংস্থান প্রদান করে।

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস ডিভিশন একটি বহু কর্তব্যসম্পন্ন অপরাধ ন্যায়বিচার সমর্থন এজেন্সি এবং এর অনেক ধরনের দায়িত্ব রয়েছে, যেমন,আইন প্রয়োগকারী প্রশিক্ষণ; স্টেটব্যাপী অপরাধ ডেটা সংগ্রহ ও বিশ্লেষণ; অপরাধ ইতিহাস তথ্য এবং আঙুলের চাপের ফাইল রক্ষণাবেক্ষণ; নিউ ইয়র্ক স্টেট পুলিশের সাথে মিলে স্টেটের DNA ডেটাব্যাঙ্কের প্রশাসনিক তত্ত্বাবধান; প্রোবেশন এবং সম্প্রদায়ের সংশোধন কর্মসূচিসমূহের তত্ত্বাবধানের অর্থায়ন; ফেডারেল ও স্টেটের অপরাধ ন্যায়বিচার তহবিল পরিচালনা; স্টেটব্যাপী অপরাধ ন্যায়বিচার সম্পর্কিত এজেন্সির সমর্থন; স্টেটের সেক্স অফেন্ডার রেজিস্ট্রি পরিচালনা করা। এজেন্সিটিকে টুইটার এবং ফেসবুকে ফলো করুন।

অফিস অফ ভিক্টিম সার্ভিসেস 200 টিরও বেশি ভুক্তভোগী সহায়তা কর্মসূচিকে সহায়তা প্রদান করে থাকে যেগুলো ভুক্তভোগী ও তাদের পরিবারকে প্রত্যক্ষ পরিষেবা, যেমন সংকটকালীন কাউন্সেলিং, পরামর্শ প্রদান, জরুরি আশ্রয়কেন্দ্র, দেওয়ানি আইনি সহায়তা এবং স্থানান্তর সংক্রান্ত সহায়তা, ইত্যাদি প্রদান করে থাকে। এছাড়াও এই সংস্থা অপরাধের ভুক্তভোগীদের মধ্যে উপযুক্ত ব্যক্তিদেরকে অন্যান্য সহায়তার সাথে সাথে মেডিকেল ও কাউন্সেল খরচ, শেষকৃত্য ও দাফন সংক্রান্ত খরচ, হারানো মজুরি ও সহায়তা, ইত্যাদি বাবদ আর্থিক সহায়তা ও ক্ষতিপূরণ প্রদান করে থাকে। এজেন্সিটিকে টুইটার এবং ফেসবুকে ফলো করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

সাবস্ক্রাইব বাতিল করুন